

# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৩৮৯

১৫/ বিধি-বিধান ও বিচার (ﷺ) পরিচ্ছেদঃ বর্গাচাষের আরো কিছু কথা।

باب مِنَ الْمُزَارَعَةِ

### আরবী

حَدَّتَنَا مَحْمُودُ بْنُ غَيْلاَنَ، أَخْبَرَنَا الْفَصْلُ بْنُ مُوسَى الشَّيْبَانِيُّ، أَخْبَرَنَا شَرِيكٌ، عَنْ شُعْبَةَ، عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ، عَنْ طَاوُسٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم لَمْ يُحَرِّمِ الْمُزَارَعَةَ وَلَكِنْ أَمَرَ أَنْ يَرْفُقَ بَعْضَهُمْ بِبَعْضٍ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحَيِحٌ . وَحَدِيثُ رَافِعِ فِيهِ اصْطِرَابٌ يُرْوَى هَذَا الْحَدِيثُ عَنْ رَافِعِ بْنِ حَدِيثٌ حَسَنٌ صَحَيِحٌ . وَحَدِيثُ رَافِعِ فِيهِ اصْطِرَابٌ يُرْوَى هَذَا الْحَدِيثُ عَنْ رَافِعِ بْنِ خَديجٍ عَنْ عُمُومَتِهِ وَيُرْوَى عَنْهُ عَنْ ظُهَيْرِ بْنِ رَافِعٍ وَهُو أَحَدُ عُمُومَتِهِ وَقَدْ رُويَ هَذَا الْحَدِيثُ عَنْ طُلُها يَنْ رَافِعٍ وَهُو أَحَدُ عُمُومَتِهِ وَقَدْ رُويَ هَذَا الْحَدِيثُ عَنْ عَمُومَتِهِ وَيُو الْبَابِ عَنْ زَيْدِ بْنِ ثَابِتٍ وَجَابِرٍ رضى الله عَنْهُ عَلَى رِوَايَاتٍ مُخْتَلِفَةٍ . وَفِي الْبَابِ عَنْ زَيْدِ بْنِ ثَابِتٍ وَجَابِرٍ رضى الله عنهما .

#### বাংলা

১৩৮৯. মাহমূদ ইবনু গায়লান (রহঃ) ...... ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুযারাআ বা বর্গা চাষ হারাম করেন নাই। তবে তিনি নির্দেশ দিয়েছেন যে, একজন আরেক জনের উপর যেন দয়া প্রদর্শন করে। - মুসলিম ৫/২৫, তিরমিজী হাদিস নম্বরঃ ১৩৮৫ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, হাদীসটি হাসান-সহীহ। রাফি রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটিতে (১৩৮৮ নং) ইযতিরাব বিদ্যমান। হাদীসটি রাফি ইবনু খাদীজ-তাঁর চাচাদের সূত্রে বর্ণিত আছে। রাফি' যুহায়র ইবনু রাফি' সূত্রেও বর্ণিত রয়েছে। যুহায়র রাদিয়াল্লাহু আনহু তাঁর চাচাদের একজন। রাফি' রাদিয়াল্লাহু আনহু থেকে বিভিন্নভাবে এটি বর্ণিত হয়েছে। এই বিষয়ে যায়দ ইবনু ছাবিত ও জাবির (রাঃ) থেকেও হাদীস বর্ণিত আছে।

### **English**

Narrated Ibn 'Abbas:

"The Messenger of Allah (ﷺ) did not prohibit share-cropping. But he ordered



## that they be helpful with each other."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন